

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২০৯

৫. কিতাবুল ঈমান (كِتَابُ الْإِيمَانِ)

পরিচ্ছেদঃ আল্লাহর একত্বাদ সাক্ষ্য দেওয়ার সময় যে ব্যক্তি নাবী-রাসূলদের সত্যায়ন করে, জান্নাতে তাঁর অবস্থানের বিবরণ

ذِكْنُ وَصنْفِ الدَّرَجَاتِ فِي الْجِنَانِ لِمَنْ صندَّقَ الْأَنْبِيَاءَ وَالْمُرْسَلِينَ عِنْدَ شَهَادَتِهِ لِلَّهِ جَلَّ وَعَلَا بِالْوَحْدَانِيَّةِ

আরবী

أَخْبَرَنَا وَصِيفُ بْنُ عَبْدِ اللَّهِ الْحَافِظُ بِأَنْطَاكِيَةَ قَالَ حَدَّتَنَا الرَّبِيعُ بْنُ سُلَيْمَانَ قَالَ حَدَّتَنَا مَالِكٌ عَنْ أَبِي حَازِمٍ عَنْ سَهْلِ بْنِ سَعْدٍ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ أَيُّوبُ بْنُ سُويْدٍ قَالَ حَدَّتَنَا مَالِكٌ عَنْ أَبِي حَازِمٍ عَنْ سَهْلِ بْنِ سَعْدٍ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: "إِنَّ أَهْلَ الْجَنَّةِ يَرَوْنَ أَهْلَ الْغُرَفِ كَمَا تَرَوْنَ الْكَوْكَبَ الدُّرِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: الْإِنَّ أَهْلَ الْجَنَّةِ يَرَوْنَ أَهْلَ الْغُرَفِ كَمَا تَرَوْنَ الْكَوْكَبَ الدُّرِيَّ الْغُلِي اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: "إِنَّ أَهْلَ الْجَنَّةِ يَرَوْنَ أَهْلَ الْغُرَفِ كَمَا تَرَوْنَ الْكَوْكَبَ الدُّرِيَّ الْغُلِي اللَّهُ عَلَيْهُ مَا اللَّهِ تِلْكَ الْغُلْولِ الْأَنْبِيَاءِ لَا يَبْلُغُهَا غَيْرُهُمْ قَالَ: "بَلَى وَالَّذِي نَفْسِي بِيَدِهِ رَجَالَ آمنوا بالله وصدقوا المرسلين".

الراوي: سَهْل بْن سَعْدِ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان الصفحة أو الرقم: 209 | خلاصة حكم المحدث: صحيح لغيره.

বাংলা

২০৯. সাহল বিন সা'দ রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন: "নিশ্চয়ই মর্যাদাগত তারতম্যের কারণে জান্নাতবাসীরা সুরম্য অট্টালিকার অধিবাসীদের দেখতে পাবে যেমনভাবে তোমরা পূর্ব ও পশ্চিম দিগন্তে উদিত উজ্জ্বল তারকা দেখতে পাও।" সাহাবাগণ আরজ করলেন: "হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, এগুলো বোধ হয় নবীদের থাকার জায়গা, যাতে অন্য কেউ পৌঁছতে পারবে না!" রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন: "হ্যাঁ, অবশ্যই পৌঁছতে পারবে। ঐ সত্তার কসম, যার হাতে আমার প্রাণ, সেখানে পৌঁছতে পারবে এমন কিছু লোক যারা আল্লাহর প্রতি ঈমান আনয়ন করেছে এবং রাসূলদের সত্যায়ন করেছে।"[1]



ফুটনোট

[1] তাবারানী আল কাবীর: ১৮/৮০৮; মুসনাদ আহমাদ: ৫/৩৪০; সহীহ আল বুখারী: ৬৫৫৫; সহীহ মুসলিম: ২৮৩০; তিরমিযী: ২৫৫৬।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাসান বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ লিগাইরিহী বলেছেন। (আত তা'লীকাতুল হিসান: ২০৯।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ সাহল বিন সা'দ (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন